বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক ইত্তেফাক 092

তারিখ 14 NOV 1988
কলাম 3



## মহিউদ্দিন ঢাকা বোর্ডে কলা শাখায় অষ্টম

( ইত্তেফাক রিপোর্ট )

ঢাকা কলেজের মো: মহিউদ্দিন আহম্মদ (রোল ৭৭৮৬২) কলা শাখায় অষ্টম স্থান অধিকার করিয়াছে। তাহার মোট অর্জিত নম্বর ৮ শত ৪। সে ৪টি বিষয়ে লেটার মার্ক অর্জন করিয়াছে। মহিউদ্দিন ভবিষ্যতে আইন অধ্যয়ন করিয়া ব্যারিষ্টার হইতে চায়। মহিউদ্দিনের পিতা মো: মাহব্বৎ আলী বরিশাল জেলা হিসাব রক্ষণ অফিসের সুপারিনটেনডেন্ট। মা জাহানারা বেগম।



## শর্মিষ্ঠা ঢাকা বোর্ডে বাণিজ্য শাখায় অষ্টম

( ইত্তেফাক রিপোর্ট )

ঢাকা বোর্ডের এইচ এস সি পরীক্ষায় বাণিজ্য শাখায় অষ্টম স্থান অধিকারী শর্মিষ্ঠা ভট্টাচার্য মার্কেটিং ব্যবস্থাপনায় গবেষণায় আগ্রহী। সে ইউনিভার্সিটি ফেডারেশন কলেজ হইতে পরীক্ষায় অংশ নেয়। তাঁহার পিতা ডঃ দুর্গাদাস ভট্টাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক।



## তাহমিনা ঢাকা বোর্ডে বিজ্ঞান বিভাগে অষ্টম

( ইত্তেফাক রিপোর্ট )

হলিক্রস কলেজের আয়েশা তাহমিনা হক ঢাকা বোর্ডে বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় অষ্টম স্থান অধিকার করে। তাহমিনা মৎস্য উন্নয়ন সংস্থার চেয়ারম্যান ব্রিগেডিয়ার (অব:) সিরাজুল হক ও তীতুমীর কলেজের সহযোগী অধ্যাপিকা ফরিদা হকের কনিষ্ঠা কন্যা।



## শরমিলা ঢাকা বোর্ডে বাণিজ্য বিভাগে প্রথম

ইউনিভার্সিটি উইমেন্স ফেডারেশন কলেজের ছাত্রী শর্মিলা খান এবারে ঢাকা বোর্ডে অনুষ্ঠিত এইচ-এস-সি পরীক্ষায় বাণিজ্য বিভাগে প্রথম স্থান লাভ করিয়াছে।

বুককিপিং এ্যাকাউন্টেন্সী এবং শর্টহ্যাণ্ড টাইপিং লেটার মার্কসহ তাহার মোট প্রাপ্ত নম্বর ৭৭৩। ভবিষ্যতে সে একজন সফল ব্যবসা ব্যবস্থাপক হওয়ার আশা পোষণ করে। শর্মিলার বাবা মরহুম মো: ইসমাইল খান বি,আই,ডি,সি'র ডেপুটি চীফ এ্যাকাউন্টেন্ট ছিলেন। মা মিসেস জাহানারা ইসমাইল বাংলাদেশ শিপিং কর্পোরেশনে কর্মরতা। খেলাধুলা প্রিয় শর্মিলা বি,টি-এম,সি'র একজন নিয়মিত জিমন্যাষ্ট—১৯৮৪ ও ১৯৮৫ সালে জাতীয় পর্যায়ে রানার্স আপ হয়।



## আবদুল হালিম ঢাকা বোর্ডে কলা শাখায় তৃতীয়

(ইত্তেফাক রিপোর্ট)

দরিদ্র ঘরের সন্তান মো: আবদুল হালিম অন্যের বাড়ীতে লজিং থাকিয়া লেখাপড়া করিয়া ঢাকা বোর্ডের এইচ,এস,সি পরীক্ষায় কলা শাখায় তৃতীয় স্থান অধিকার করিয়াছে। বরাবরই ভাল ছাত্র হালিমের মোট নম্বর ৮৪১। সে ঢাকা কলেজ হইতে পরীক্ষায় অবতীর্ণ হয়। নগরীর ২০, ওয়ার ষ্ট্রীটের আলী আহাম্মদের ৬ ছেলে-মেয়েকে পড়াইবার বিনিময়ে সে সেখানে আশ্রয় পাইয়াছে। বাহিরে আরও দুইটি টিউশনি করিয়া সে প্রতিমাসে গ্রামের বাড়ীতে বাবা-মাকে টাকা পাঠায়। জেদি হালিম দারিদ্র্যের কাছে পরাভব মানিতে রাজী নহে।

NOV 1988
কলাম 3

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র



## এহসানুল করীম ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় ৭ম

( ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা কলেজের ছাত্র মোহাম্মদ এহসানুল করিম (রোল ঢাকা-৭৪২৬) ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ৭ম স্থান অধিকার করিয়াছে। ৪টি বিষয়ে লেটারসহ তাহার মোট প্রাপ্ত নম্বর ৯০৬। ঢাকার সিদ্ধেশ্বরী মহাবিদ্যালয়ের অধ্যাপক আনোয়ারুল করিম ও বেগম ফরিদা আনোয়ারের জ্যেষ্ঠ পুত্র এহসানুল করিম ভবিষ্যতে কম্পিউটার প্রকৌশলী হইতে আগ্রহী।



## শারমিন গার্হস্থ্য অর্থনীতিতে দ্বিতীয়

সাজেদা আক্তার খানম (শারমিন) রোল নং ম-১০২১৫৪ গার্হস্থ্য অর্থনীতিতে ৭০২ নম্বর পাইয়া দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে। সে খাদ্য ও পুষ্টি বিজ্ঞানে উচ্চতর শিক্ষা গ্রহণ করিতে ইচ্ছুক। চিত্র অঙ্কনে ও নভেল পাঠ করা তাহার সখ। শারমিন হিসাব নিরীক্ষা পরিচালকের অফিস (পূর্ত)-এর নিরীক্ষা ও হিসাব রক্ষণ অফিসার মোহাম্মদ আলীর ৩য়া কন্যা।



## হাসান শহীদ নৌ-বাহিনীতে যোগদানে ইচ্ছুক

আমাদের বরিশাল প্রতিনিধি জানান: যশোর শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার সম্মিলিত মেধা তালিকায় বরিশাল ক্যাডেট কলেজের হাসান শহীদ তৃতীয় স্থান অধিকার করিয়াছে। সে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও প্রকৌশলী অংকন বিষয়ে লেটার মার্কসহ সর্বমোট ৯০২ নম্বর পাইয়াছে। হাসান শহীদ এসএসসি পরীক্ষায় একই ক্যাডেট কলেজ হইতে সম্মিলিত মেধা তালিকায় তৃতীয় হইয়াছিল। প্রাইমারী বিদ্যালয়ের শিক্ষক মোহম্মদ ইসমাইল সিকদারের পুত্র হাসান বাংলাদেশ নৌ-বাহিনীতে যোগদানের ইচ্ছা পোষণ করে।



## সারোয়ার কম্পিউটার প্রকৌশলী হইতে চায়

নারায়ণগঞ্জ সংবাদদাতা জানান, সিলেট ক্যাডেট কলেজের ছাত্র আবুল কালাম সারোয়ার কুমিল্লা বোর্ডে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় ৬ষ্ঠ স্থান লাভ করিয়াছে। চারটি বিষয়ে লেটারসহ সারোয়ারের প্রাপ্ত নম্বর ৮৮০। ১৯৮৬ সালে সারোয়ার এস এস সি পরীক্ষায় কুমিল্লা বোর্ড হইতে যুগ্মভাবে প্রথম হইয়াছিল। অসুস্থতার কারণে এইবার পরীক্ষা খারাপ হয়। নারায়ণগঞ্জের ৩৪ উত্তর চাষাড়াস্থ আবদুল কাদেরের পুত্র আবুল কালাম সারোয়ার ভবিষ্যতে একজন কম্পিউটার প্রকৌশলী হইতে আগ্রহী। সে নিয়মিত ৬ ঘন্টা পড়াশুনা করিত।



## মাশরুর যশোর বোর্ডে কলা বিভাগে দ্বিতীয়

আমাদের বরিশাল প্রতিনিধি জানান: মাশরুর আরেফিন যশোর বোর্ডের এইচএসসি পরীক্ষায় কলা বিভাগে দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে। বরিশাল ক্যাডেট কলেজের এই ছাত্র ভূগোল, পরিসংখ্যান ও পৌরনীতিতে লেটারমার্কসহ সর্বমোট ৮০৫ নম্বর পাইয়াছে। সে এসএসসি পরীক্ষায় একই ক্যাডেট কলেজ হইতে ষ্টার মার্কসহ প্রথম বিভাগে উত্তীর্ণ হয়। সে আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে পড়াশুনায় আগ্রহী। তাহার পিতা এম,এ, কাসেম খাদ্য বিভাগীয় একজন কর্মকর্তা।



## দুইবোনের কৃতিত্ব

ঢাকা মেডিকেল কলেজের কমিউনিটি মেডিসিনের অধ্যাপক ডা: মো: খবির উদ্দিন ও নূরজাহান বেগমের প্রথমা ও দ্বিতীয়া কন্যা খুরশিদা জাহান ও নিলুফার জাহান চলতি বৎসর এইচ, এস, সি পরীক্ষায় গার্হস্থ অর্থনীতি বিভাগ হইতে যথাক্রমে তৃতীয় ও চতুর্থ স্থান অধিকার করিয়াছে।